দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 14 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 5

(৬)

061

# মিসরীয় সাহিত্যিক নোবেল পুরস্কার পেলেন

স্টকহোম, ১৩ই অক্টোবর (রয়টার)—মিসরীয় ঔপন্যাসিক নাগিব মাহফুজ ১৯৮৮ সালের নোবেল সাহিত্য পুরস্কার পেয়েছেন। তিনিই আরবী ভাষার প্রথম লেখক, যিনি এ পুরস্কার পেলেন।

সুইডিশ সাহিত্য একাডেমী বলেছে, ৭৭ বছর বয়স্ক এই মিসরীয় সাহিত্যিককে তাঁর ক্ষণ বাস্তব, ক্ষণ কল্পনা সমৃদ্ধ রচ-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## পুরস্কার পেলেন

(প্রথম পৃঃ পর)

নার জন্য এই পুরস্কার দেয়া হয়েছে। তাঁর এ রচনা এমন এক আরবী কথা শিল্প সৃষ্টি করেছে যা বিশ্বজনীন। তাঁর এ সৃষ্টি জীবন থেকে নেয়া আখ্যানসমৃদ্ধ উপন্যাসের জন্য এক শক্তিশালী রচনা।

সরকারী কর্মচারীর সন্তান মাহফুজ ১৯১১ সালে কায়রোতে জন্মগ্রহণ করেন।

একাডেমী বলেছে, মাহফুজের ব্যক্তিগত জীবন সম্পর্কে সামান্যই জানা যায়। কারণ তিনি কদাচিৎ সাক্ষাৎকার দেন।

তিনি ৪০টি ঔপন্যাস, ছোট গল্প, কয়েকটি নাটক ও ৩০টির বেশি চিত্রনাট্য লিখেছেন।

তিনি সম্প্রতি বলেন, লেখার আকুতি যেদিন থাকবে না, সে দিনটিই যেন হয় আমার জীবনের শেষ দিন।

একাডেমী বলেছে, চিরায়ত আরবী লেখকরা এবং মার্কস, ডারউইন ও ফয়েডের মত পাশ্চাত্যের আধুনিক চিন্তাবিদরা মাহফুজকে প্রভাবিত করেছেন।

এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, মাহফুজ একজন মৌলবাদী বলে আমার মনে হয় না।

তিনি বলেন, একাডেমী এই পুরস্কারের কথা মাহফুজকে আগে জানাতে পারেনি। আমরা এখনো তাঁর সঙ্গে যোগাযোগের চেষ্টা করছি।